# নিরাপদে ও দক্ষতার সাথে ইঁদুরের ফাঁদ ব্যবহার করা

ROSHIELD CONTROL

**এই লিফলেটটি বাদামি ইঁদুর (Rattus norvegicus) এবং বাড়ির নেংটি ইঁদুর (Mus domesticus) নিয়ন্ত্রণের জন্য বিশেষত ডিজাইন করা ফাঁদগুলির জন্য**



ফাঁদগুলি কে কার্যকর করার জন্য ফাঁদগুলি কে ইঁদুর দ্বারা প্রবেশযোগ্য করতে হবে মানুষ বা অন্য কোনো প্রাণী যাতে ফাঁদের কাছে না পৌঁছাতে পারে। যেখানে শিশু বা পোষা প্রাণীর ফাঁদ পর্যন্ত পৌঁছাতে পারে সেই জায়গাতে ফাঁদ ব্যবহার করার সময় অতিরিক্ত সতর্কতা অবলম্বন করা অপরিহার্য এবং লক্ষ্য রাখতে হবে যাতে ইঁদুর ছাড়া অন্য কোনো প্রাণী ফাঁদ পর্যন্ত না পৌঁছাতে পারে। এটি করার সহজতম উপায় হ'ল রোশিল্ডের (Roshield) টোপ বাক্সের ভিতরে ফাঁদ পাতা। বিকল্পভাবে, ফাঁদগুলি নিরাপদ শূন্য স্থানে রাখা যেতে পারে বা কাঠের তক্তা বা পাথরের মতো প্রাকৃতিক উপকরণ ব্যবহার করে সুরক্ষিত করা যায়।

সুরক্ষা এবং কার্যকারিতা মূল্যায়ন করার জন্য, কোনও ইঁদুর বার করতে এবং প্রয়োজনে ফাঁদটি পুনরায় সেট করতে নিয়মিত ফাঁদগুলির পর্যবেক্ষণ করা জরুরী।

যে খাবার ও পানীয় উৎসে ইঁদুর পৌঁছাতে পারে সেই রকম সব উৎস সরিয়ে নেওয়া উচিত। তাদের পূর্ববর্তী খাবার এবং জল সরবরাহের উৎস গুলি সরিয়ে নিলে তাদের নতুন খাবার অনুসন্ধান করার সম্ভাবনা ও ফাঁদে পড়ার সম্ভাবনা বেড়ে যায়। পাখির ফিডারগুলি সরানো বা মুরগির কোপগুলিতে হপার লাগানো বাইরের জায়গাগুলিতে ইঁদুরের উপদ্রব নিয়ন্ত্রণের কিছু সাধারণ পদক্ষেপ।

ইঁদুর অত্যন্ত সতর্ক প্রাণী এবং তাদের পরিবেশে রাখা নতুন জিনিস সম্পর্কে অবলম্বন করে এবং তাই ফাঁদে পড়তে অনেক দিন সময় লাগে। এটি সাধারণ ব্যাপার এবং এইরকম হওয়া পণ্যে কোনো ত্রুটি থাকার চিহ্ন নয়।

কিছু কিছু ক্ষেত্রে, বিশেষত যেখানে অনেক সংখ্যায় ইঁদুর উপস্থিত সেখানে ইঁদুর ফাঁদ দেখে লজ্জা পেতে পারে। সেই ক্ষেত্রে ইঁদুরদের ফাঁদের সাথে একটি খারাপ সম্পর্ক তৈরি হয় এবং ইঁদুর ফাঁদ এড়িয়ে যেতে শুরু করে। যদি ইঁদুর ফাঁদ কে লজ্জা পেতে শুরু করে তাহলে একটি বিকল্প কৌশল প্রয়োজন হতে পারে, যেতে হয়তো ফাঁদের ধরণ বা ইঁদুর মারার বিষ যুক্ত টোপ পরিবর্তন করতে হতে পারে।

বিকল্প বিবেচনা করার আগে ফাঁদ প্রক্রিয়া কমপক্ষে চার সপ্তাহের জন্য প্রয়োগ করা উচিত।

যখন ফাঁদটি আর সক্রিয় থাকে না এবং ইঁদুরের ক্রিয়াকলাপের কোনও লক্ষণ উপস্থিত না থাকে তাহলে এটি একটি ভাল ইঙ্গিত যে উপদ্রব শেষ হয়ছে এই সময় ফাঁদটি সরিয়ে ফেলা উচিত।

## কোন টোপ ব্যবহার করতে হবে?

ইঁদুর কোন ধরনের টোপ পছন্দ করবে তা ইঁদুর এবং স্থানের ভিত্তিতে প্রথক হতে পারে। ইঁদুররা যে ধরনের খাবার ইতিমধ্যে খাচ্ছে তার সাথে মিলিয়ে টোপ দিলে প্রাথমিক সাফল্য পেতে পারেন তবে বেশিরভাগ ক্ষেত্রে সঠিক টোপ চিহ্নিত না হওয়া পর্যন্ত অনেকবার চেষ্টা করতে হয়। চেষ্টা করার জন্য একটি জনপ্রিয় টোপ হল চকোলেট স্প্রেড বা মুচমুচে চিনাবাদাম মাখন, এই টোপগুলি ফাঁদের সাথে চিটে যায় যার কারণে ইঁদুরে নিয়ে পালাতে পারে না। জনপ্রিয় ভুল ধারণা থাকা সত্ত্বেও, চিজ টোপ হিসাবে ব্যবহার না করার সুপারিশ দেওয়া দেওয়া হয়।




## কোথায় ফাঁদ সেট করতে হবে

ফাঁদগুলি সেট করার আগে আপনাকে দেখতে হবে কোন জায়গা দিয়ে ইঁদুররা নিয়মিত চলাফেরা করছে, যেমন দেওয়াল/মেঝের সংযোগস্থল, বিশেষত রান্নাঘরের আলমারিগুলির নীচে, বাথটাবের নিচে ইত্যাদি। ইঁদুর বীমের উপর দিয়ে, লাফ্টের সিলিং জোস্ট ধরে, এবং মেঝের লাফ্ট বরাবর দৌড়াবে। চিটচিটে চিহ্ন, ইঁদুরের পায়েখানা বা মাড়ানো গাছগাছালি দেখে বোঝা যাবে ইঁদুর কোন পথে যাতায়াত করে।


**এটি বাঞ্ছনীয় যে এমন কোনো জায়গায় ফাঁদ রাখা হয় যেখানে মানুষ বসবাস করেনা, যেমন রান্নাঘর আলমারি নিচে বা চিলেকোঠায় কোনো খোলা জায়গায় নয়। এটি ফাঁদে পোড়ার হার উল্লেখযোগ্যভাবে বাড়িয়ে তুলবে।**

## কিভাবে ফাঁদ সেট করতে হবে



### ফাঁদটি সক্রিয় করার আগে

| | | |
|---|---|---|
|  |  |  |
| টোপ হোল্ডারে টোপ রাখুন, নিশ্চিত হয়ে নিন যে টোপ সহজে সরানো যাবে না। | ✓ দেয়ালের থেকে নব্বই ডিগ্রী অ্যাঙ্গেল করে ফাঁদটি রাখুন যাতে দুই দিক থেকে ইঁদুর ছুটে যাওয়ার সময় ফাঁদে নিশ্চিত ধরা পড়তে পারে। | ✗ দেওয়াল/মেঝের সংযোগস্থলে ফাঁদটি অনুভূমিকভাবে রাখবেন না কারণ ইঁদুর ফাঁদটি এড়িয়ে যেতে পারে। |

### ফাঁদটি সক্রিয় করা

| | | |
|---|---|---|
|  |  |  |
| রোশিল্ড (Roshield) ফাঁদগুলি সেট করা সহজ এবং এক হাতে করা যায়। | উপরের ধাতব বারের উপরে বুড়ো আঙুল রেখে নিচের দিকে চাপ দিন সক্রিয় অঞ্চল (বৃত্তাকার) থেকে আঙুল দূরে রাখুন। | বারটি জায়গায় ক্লিক না করা অবধি বারটিকে একেবারে নিচে ঠেলুন।<br>The trap is now set.<br>ফাঁদ এখন সেট করা হয়েছে। |

### রোশিল্ড (Roshield) টোপ বাক্স বা ইঁদুরের ফাঁদ বাক্স ব্যবহার করা

| | | |
|---|---|---|
|  |  |  |
| সরবরাহিত চাবি ব্যবহার করে রোশিল্ড (Roshield) বাক্সটি খুলুন এবং ফাঁদটি জায়গায় রাখুন। ফাঁদটির বেসটি টোপ বক্সের রানওয়েতে দুটি প্রদত্ত গাইডের নীচে ফিট করা উচিত (বৃত্তাকার)। | উপরের পদ্ধতি অনুসরণ ফাঁদ সেট করুন ও টোপ দিন। বাক্সগুলি থেকে যে কোনও টোপ রডগুলি সরান কারণ তারা ফাঁদটির সঠিক পরিচালনায় বাধা দিতে পারে। | **বিকল্প**: তারের বাঁধন ব্যবহার করা হলে - কিল বারের চারপাশে ঘুরিয়ে শক্ত করে লাগিয়ে দিন সেট করা ফাঁদের প্রবেশ পথের ভিতরে তারের শেষ প্রান্ত ঢোকানোর আগে। |

**সতর্কতা - সেট করা ফাঁদে আঙুল দেবেন না**

রোশিল্ড (Roshield) দিনে দুইবার ফাঁদ পরীক্ষা করার উপদেশ দেয়।

## ফাঁদে ফেলার সময় সুরক্ষা

ইঁদুর অনেক ধরনের প্যাথোজেন বহন করে এবং তাই এটি নিশ্চিত করা জরুরী যে ফাঁদ পরিচালনা করছে বা যেখানে ইঁদুর আছে সেখানে কাজ করছে সে যেন সাবধানতা অবলম্বন করে। নীচের নির্দেশিকাগুলি অনুসরণ করে এটি অর্জন করা যেতে পারে:

- ইঁদুর বা ইঁদুর দ্বারা দুষিত জিনিস স্পর্শ করা এড়িয়ে চলুন।
- মৃতদেহ, ফাঁদ বা জঞ্জাল অঞ্চল পরিষ্কার করার সময় সর্বদা নিষ্পত্তিযোগ্য গ্লাভস পরুন।
- যে অঞ্চলে ইঁদুর সক্রিয় ছিল সেখানে নাড়াচাড়া করা বা ধুলোতে নিশ্বাস নেওয়া এড়িয়ে চলুন।
- ইঁদুর দ্বারা দূষিত ধূলিকণা নিশ্বাসের সাথে শরীরে প্রবেশ করা এড়াতে মাস্ক পরুন।
- ধুলার পরিমাণ কমাতে ঝাড়ু দেওয়ার আগে ইঁদুরের বর্জ্য এবং বাস ভিজিয়ে নিতে জীবাণুনাশক ব্যবহার করুন।
- গ্লাভস পরে থাকলেও ইঁদুর নিয়ে কাজ করার পরে সর্বদা আপনার হাত ধুয়ে নিন।

## মৃত ইঁদুর সরানো

গার্হস্থ্য: এই ফাঁদ এমন ভাবে ডিজাইন করা হয়ছে যাতে মরা ইঁদুর হাতে করে ধরার প্রয়োজন পরে না। যাতে ডাবল ব্যাগে পরে তা নিশ্চিত করে নিচে যেমন করে দেখানো হয়ছে ব্যাগের উপর ধরে ফাঁদ খুলে দিন এবং পরে সাধারণ বর্জ্যের সাথে ফেলে দিন।






বাণিজ্যিক: ইঁদুরের দেহগুলি EWC 20 01 99 কোডের অধীনে অ-বিপজ্জনক বর্জ্য হিসাবে বিবেচনা করা হয়।


## ফাঁদে ফেলার পরে কি করবেন

ইঁদুরের সংখ্যার নিয়ন্ত্রণে আনার পর যাতে পুনরায় উপদ্রব না শুরু হয় তাই কিছু পদক্ষেপ নেওয়া উচিত। পুনরায় উপদ্রব আটকাতে কিছু সাধারণ সাবধানতামূলক পদক্ষেপের উদাহরণ নিচে দেওয়া হল:

- ইঁদুর 5mm ব্যাসের গর্তের ভিতর দিয়েও ঢুকতে পারে।
- ভিতরে এবং বাইরে পাইপের প্রবেশ মুখে তারের উল বা জাল লাগান।
- দাঁড়া যুক্ত ব্রাশ স্ট্রিপ দরজার নিচে লাগানো উচিত।
- বায়ুচলাচল ইটগুলিতে জাল লাগানো উচিত।
- যাতে পাইপে ইঁদুর প্রবেশ না করতে পারে ড্রেনপাইপের উপরে ঢকনা লাগানো উচিত।
- ভাঙা ড্রেনগুলি অবশ্যই মেরামত করতে হবে যেখানে ইঁদুর বিল্ডিং এ ঢুকতে এগুলি ব্যবহার করেছে।
- আইভি এবং অন্যান্য লতানে গাছপালা সোফিট স্তরের নীচে কেটে ফেলা ইঁদুরের প্রবেশ পথ বন্ধ করে দেবে।





## সংক্রামিত অঞ্চল পরিষ্কার করা

ভিতরের জায়গা যেখানে ইঁদুর সক্রিয় ছিল সেই অঞ্চলগুলি দূষিত হয়ে যেতে পারে এবং ইঁদুরের সাথে সম্পর্কিত ব্যাকটিরিয়া এবং ভাইরাস সংক্রমণে ঝুঁকি তৈরি করতে পারে। উপযুক্ত পরিষ্কার করার বায়োসাইড স্প্রে (biocide spray) ব্যবহার করে যেমন রোশিল্ড স্যানিটাইজার এবং ক্লিনার স্প্রে (Roshield Sanitiser & Cleaner Spray) ব্যবহার করে এগুলি দূর করে ঝুঁকি কম করা যায়।

এর বিকল্প হল আমাদের নতুন রোশিল্ড (Roshield) অ্যান্টি-ব্যাকটেরিয়াল রুম এবং খালি জায়গায়র অ্যারোসোল যা ইঁদুরের বর্জ্য সম্পর্কিত 99.9% ব্যাকটিরিয়া এবং ভাইরাস দূর করে দেয়।

আবদ্ধ জায়গায় বা যে জায়গা প্রক্রিয়াকরণ হয়নি সেই জায়গাগুলি পরিষ্কার করার সময় সর্বদা উপযুক্ত মাস্ক সহ ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম পরিধান করুন।

## ইঙ্গিত এবং টিপস

ইঁদুর নিয়ন্ত্রণ করা কঠিন হতে পারে এবং ফাঁদে ফেলা ও ইঁদুর মারার বিষ টোপ দেওয়ার সাথে যুক্ত সমস্যাগুলি সাধারণ এবং, এটি পণ্যে ত্রুটি থাকার লক্ষণ নয়।

- নিওফোবিয়া (Neophobia- নতুন জিনিসের ভয়) ইঁদুরের পক্ষে একটি গুরুতর চ্যালেঞ্জ হতে পারে এবং রাতারাতি ইঁদুর ফাঁদের পড়া অত্যন্ত অসম্ভব। রোশিল্ড (Roshield) সুপারিশ করে যে ফাঁদটিকে অন্য কোনও জায়গায় কমপক্ষে 1 সপ্তাহ ফেলে রাখার।
- যদি ইঁদুররা ফাঁদে কোনও আগ্রহ না দেখায় তবে এটি সাধারণত অন্য কোনো খাদ্য উৎস থাকার কারণে হয় যেটি সরানো দরকার। যদি সরিয়ে ফেলার উপায় না থাকে রোশিল্ড (Roshield) পরামর্শ দেয় আপনি কোনও সেট না করা ফাঁদের চার পশে খাবার দিয়ে ইঁদুরদের উৎসাহিত করুন, ইঁদুররা ফ্হান্দের কাছাকাছি আসার পরে ফাঁদ সেট করুন এবং শুধু ফাঁদের চারপাশে খাবার দিন।
- টোপ নেওয়া হচ্ছে এবং ফাঁদ প্রক্রিয়াটি বন্ধ না হওয়া হতাশাজনক তবে সাধারণত এটি ফাঁদের কোনো ত্রুটির কারণে হয় না, সাধারণত ইঁদুর অত্যন্ত সতর্ক থাকার কারণে এই রকম ঘটে। নিয়মিত ফাঁদে টোপ দেওয়া চালিয়ে যাওয়া সাধারণত এই সমস্যাটি সমাধান করে কারণ ইঁদুর আস্তে আস্তে বিশ্বাস করতে শুরু করে। ট্রিগার প্যাডেলের নীচে টোপ রাখার ফলে ইঁদুর টোপ নিতে উৎসাহিত হয়।
- ফাঁদে ত্রুটি থাকা বিরল। ফাঁদগুলি সহজেই পরীক্ষা করা যায় ফাঁদ সেট করে এবং কোনো নরম জিনিস দিয়ে এর ট্রিগার প্যাডেলের ওপর চাপ দিয়ে ফাঁদে আটকানোর জন্য। যদি আপনি এখনও বিশ্বাস করেন যে কোনও সমস্যা আছে তবে দয়া করে আমাদের সাথে যোগাযোগ করুন যাতে আমরা আরও তদন্ত করতে পারি। কোনো জিনিস না ঢুকিয়ে প্যাডেলে চাপ দেওয়া উচিত নয় কারণ এতে যন্ত্রের ক্ষতি হতে পারে।
- আপনি যদি সপ্তাহান্তে বা ছুটির দিনে দূরে অন্য কোথাও যান তবে ফাঁদ সেট করবেন না তবে এটি সেট না করে রেখে দিন, ইঁদুরদের এর মধ্যে ভিতর বাইরে করার অভ্যাস হবে। আপনি ফিরে আসার পরে ফাঁদে আটকানোর সাফল্য বাড়িয়ে তুলতে পারে এবং ভবিষ্যতে ইঁদুররা ফাঁদ দেখে লজ্জা পাবেনা।
- মাঝে মাঝে স্লাগ এবং শামুক টোপের ক্ষতি করতে পারে, বাইরে বা স্যাঁতসেঁতে পরিবেশে টোপ দেওয়ার সময় এটি বিশেষত একটি সমস্যা হতে পারে। রোশিল্ড (Roshield) ভবিষ্যতে শামুক থেকে বাঁচার জন্য ফাঁদ বাক্সটি পুনরায় রাখার আগে চারপাশে হালকাভাবে লবণ ছিটানোর পরামর্শ দিয়ে থাকে।
- ফাঁদ থেকে লজ্জা পাওয়া ফাঁদে ফেলার প্রোগ্রামগুলিকে জটিল করে তুলতে পারে, বিশেষত যদি ইঁদুররা আগের থেকে ফাঁদ প্রক্রিয়ার সাথে পরিচিত থাকে। অধ্যবসায় মূল; তবে ইঁদুর মারার বিষের বিকল্পগুলি বিবেচনা করতে হতে পারে।

**আমাদের পণ্যগুলি সম্পর্কে আরো তথ্যের প্রয়োজন হলে বা আপনার অতিরিক্ত সহায়তার প্রয়োজন হলে:**

# www.roshield.co.uk

*©Fort Products Limited*

*©ফোর্ট প্রোডাক্টস লিমিটেড*

*আপডেট করা হয়েছে 12/7/2020*